



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভার (মার্চ ২০২১) কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	১৫ মার্চ ২০২১
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	পরিচালক মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি	: ১. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। ২. জনাব মোঃ মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। ৩. জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। ৪. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

আলোচনা :

কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, করোনা মহামারী মার্চ মাস থেকে বৃদ্ধি পাচ্ছে বিধায় সকল কর্মকর্তা ও কর্মচারীকে করোনা মোকাবেলায় আরও সতর্ক হতে হবে। তিনি অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীর পারস্পরিক সম্পর্ক উন্নয়নে একটি প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজনের নির্দেশনা দেন। তিনি বলেন যে, এপিএ -এর লক্ষ্যমাত্রা অর্জনে অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর শুদ্ধাচারের তৃতীয় ত্রৈমাসিকের নির্ধারিত সকল কর্মকান্ড যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি বলেন যে, তৃতীয় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা পূরণকল্পে আগামী ৩০ মার্চ ২০২১ তারিখের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে গ্রন্থাগার ব্যবহার নির্দেশিকার খসড়া চূড়ান্তকরণের নিমিত্ত একটি কর্মশালা আয়োজন করতে হবে এবং সরকারি অর্থ ও সম্পদের সাশ্রয়ী ব্যবহার বিষয়ে করণীয় চূড়ান্তকরণপূর্বক অফিস আদেশ জারি করতে হবে।

আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়—

সিদ্ধান্ত :

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীর পারস্পরিক সম্পর্ক উন্নয়নে একটি প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজনে করতে হবে।	জনাব মোঃ জামাল উদ্দিন, চিফবিবলিওগ্রাফার/ উপপরিচালক(চ.দা)	
২.	৩০ মার্চ ২০২১ তারিখের মধ্যে গ্রন্থাগার ব্যবহার নির্দেশিকার খসড়া চূড়ান্তকরণের নিমিত্ত একটি কর্মশালা আয়োজন করতে হবে।	জনাব মোঃ জামাল উদ্দিন, চিফবিবলিওগ্রাফার/ উপপরিচালক(চ.দা)	
৩.	৩০ মার্চ ২০২১ তারিখের মধ্যে সরকারি অর্থ ও সম্পদের সাশ্রয়ী ব্যবহার বিষয়ে করণীয় চূড়ান্তকরণপূর্বক অফিস আদেশ জারি করতে হবে।	জনাব মোঃ হারিছ সরকার প্রোগ্রামার	

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



মোঃ সুজায়েত উল্যা
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.১৯

তারিখ: ৭ চৈত্র ১৪২৭

২১ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী,, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ আলী আকবর
সহকারী পরিচালক